57

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 MAR 1996 ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৫ ...

## বরগুনায় ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর বই পাওয়া যায় না
## লেখাপড়া ব্যাহত

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা ॥ নূতন শিক্ষা বর্ষ শুরু হইলেও এখন পর্যন্ত বরগুনা জেলার ৫টি থানার সর্বত্র ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর পাঠ্যবই পাওয়া যাইতেছে না।

এই বৎসর ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর পাঠ্য পুস্তক নূতন পাঠক্রম অনুযায়ী প্রণয়নের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। কিন্তু বৎসরের প্রায় তিনমাস অতিবাহিত হইয়া যাইতেছে অথচ এখনও সব বই বাজারে না আসায় বরগুনা জেলার ৫টি থানায় ছাত্র-

(৫ম পৃঃ দ্রঃ)

### বরগুনায়

(৩য় পৃঃ পর)

ছাত্রীদের লেখাপড়ার বিঘ্ন ঘটিতেছে।

শিক্ষা মন্ত্রণালয় এই পর্যন্ত ৬ষ্ঠ শ্রেণীর ৯টির মধ্যে ৫টি এবং ৯ম শ্রেণীর ১৩ টির মধ্যে ২টি বই প্রকাশ করিয়াছে। ইহার মধ্যে ৬ষ্ঠ শ্রেণীর বাংলা, ইংরেজী, অংক, বিজ্ঞান ও ইসলাম ধর্ম। ৯ম শ্রেণীতে শুধু বাংলা ও ইংরেজী।

বরগুনার বই ব্যবসায়ীরা জানান, ঢাকা হইতে উক্ত দুইটি শ্রেণীর যেসব বই প্রকাশিত হইয়াছে তাহা আনিতে গেলে প্রতিটি বইয়ের জন্য ৫/৭ টাকা বেশী দিতে হয়। তাই তাহারা ঢাকা হইতে পাইকারীতে বই আনা বন্ধ করিয়া দিয়াছে।